দৈনিক সংবাদ

তারিখ ... 6-DEC-1986
পৃষ্ঠা ... কলাম ৪

26

# প্রাথমিক শিক্ষার ওপর উপরাষ্ট্রপতি গুরুত্ব আরোপ করেছেন

উপ-রাষ্ট্রপতি বিচারপতি এ, কে, এম নুরুল ইসলাম বলেছেন, আমাদের জাতীয় স্বাধীনতা ও সার্বভৌমত্ব সুসংহত করার ব্যাপারে প্রাথমিক শিক্ষার গুরুত্ব অপরিসীম।

তিনি গতকাল বৃহস্পতিবার ঢাকায় আয়োজিত বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির এক বিশেষ অধিবেশনে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমানও অনুষ্ঠানে বক্তৃতা করেন।

উপ-রাষ্ট্রপতি বলেন যে, জাতি-গঠনে প্রাথমিক শিক্ষকদের দায়িত্ব অপরিসীম। তিনি আরো বলেন যে, শিশুদের শিক্ষাদানের ক্ষেত্রে মায়ের পরে হচ্ছে শিক্ষকদের স্থান।

শিক্ষামন্ত্রী বলেন, রাষ্ট্রপতি এরশাদ শিক্ষকদের দুর্দশা নিজের দুর্দশা বলে মনে করে শিক্ষকদের কল্যাণে ওয়েল ফেয়ার ট্রাস্টসহ কতগুলো পদক্ষেপ গ্রহণ করেছেন। রাষ্ট্রপতি শিক্ষা এবং শিক্ষকদের সামগ্রিক উন্নয়নে দৃঢ়প্রতিজ্ঞ বলে তিনি উল্লেখ করেন। খবর বাসস'র।